184

দৈনিক ইনকিলাব

তারিখ MAY 1 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

আগামীকাল দেশব্যাপী ছাত্র ধর্মঘট পালনের আহবান

# শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার জন্য আওয়ামী শাসকরা উঠেপড়ে লেগেছে

—ছাত্র দল

স্টাফ রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্র দলের সিনিয়র সহ-সভাপতি মনজুর এলাহী বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করবার জন্য আওয়ামী শাসকগোষ্ঠী উঠেপড়ে লেগেছে। সরকারের নীল নকশা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে চিহ্নিত সন্ত্রাসী, খুনী, অস্ত্রধারী, টোকাই, ছিনতাইকারী, মস্তানদের অভয়ারণ্যে পরিণত করা হয়েছে। মেধাবী ছাত্র সমাজকে এই দুঃশাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি গতকাল (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু নবীন ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা জানিয়ে ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সমাবেশে একথা বলেন। গতকাল বাণিজ্য অনুষদের 'গ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। সমাবেশের আগে নবাগত ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা জানিয়ে ছাত্র দল ক্যাম্পাসে মিছিল বের করে। সমাবেশে বিশ্ববিদ্যালয় ছাত্র দলের সভাপতি মনির হোসেন ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন বক্তব্য রাখেন। জনাব মনজুর এলাহী গণতন্ত্র উদ্ধার ও শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার সংগ্রামে নবাগত ছাত্রদের অংশগ্রহণের আহবান জানান। তিনি প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্র মিছিলে হামলার প্রতিবাদে আগামীকাল (রবিবার) ছাত্র দলের ডাকে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালনের আহবান জানান।

এদিকে রোকেয়া হল ছাত্র দলের নবীন বরণ ও সম্মেলন আগামীকাল অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গতকাল তারা ক্যাম্পাসে বর্ণাঢ্য র‍্যালি বের করে। কেন্দ্রীয় ছাত্র দলের নেত্রী রেহানা আক্তার রানু, শাম্মী আক্তার ও সাদিয়া আফরীন রুপু র‍্যালিতে নেতৃত্ব দেন।

অভিনন্দন

ছাত্র দল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু এক বিবৃতিতে গাইবান্ধা সরকারী কলেজ, মানিকগঞ্জ সরকারী দেবেন্দ্র কলেজ, টাঙ্গাইল নাগরপুর সরকারী কলেজ ও ফরিদপুর মধুখালী আইনুদ্দীন কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র দল মনোনীত প্যানেল বিপুলভাবে বিজয়ী হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। নেতৃদ্বয় বলেন, ছাত্র দলের এ বিজয়ের মাধ্যমে ছাত্র সমাজ সরকারের বিরুদ্ধে রায় দিয়েছে।